



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন : ০২-২২৩৩৫৪০২৫; ই-মেইল : dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/জালনোট/২০২১-২০২২/১৩৬২

তারিখঃ ১৩-০৪-২০২২

বিষয় : জাল নোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।


সূত্র নং- বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ), সূত্র নং-ডিসিএম(এফএন)৪১০(সভা)/২০২২-১২৬৭।

সূত্রস্থ বিষয়ে দেশে জাল নোট বিস্তার রোধকল্পে ও জাল নোট প্রাপ্তিতে করণীয় বিষয়ে সক্ষমতা বৃদ্ধিকল্পে ব্যাংকের শাখা ব্যবস্থাপক ও শাখায় কর্মরত ক্যাশ সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের অপরিণীম গুরুত্ব রয়েছে। এ বিষয়ে 'জাল নোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি'র ০৮ ডিসেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় জাল নোট প্রচলন প্রতিরোধ ও জালনোট প্রাপ্তিতে করণীয় বিষয়ে সক্ষমতা বৃদ্ধিকল্পে ব্যাংকসমূহ তাদের সকল শাখায় দায়িত্বরত ক্যাশসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা ও সেমিনারের আয়োজন করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। উল্লেখ্য, আসল নোট সনাক্তকরণে সক্ষমতা বৃদ্ধি, জাল নোট প্রচলন প্রতিরোধে সচেতনতা ও জাল নোট প্রাপ্তিতে করণীয় বিষয়ে ব্যাংকের সকল শাখার শাখা ব্যবস্থাপক ও শাখায় কর্মরত ক্যাশ সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা ও সেমিনারের আয়োজন করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। আয়োজিতব্য প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা ও সেমিনারের কর্ম পরিকল্পনা ও সময়সূচী আগামী ২২-০৫-২০২২ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, প্রয়োজনে উপযুক্ত প্রতিনিধি প্রেরণসহ দায়িত্বরত সহায়তা প্রদান করবে বলেও পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অবহিত করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, অধ্যক্ষ টেনিং ইনিস্টিটিউট, বাংলাদেশ কৃষি ব্যাংক মিরপুর, ঢাকাকে বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনা অনুযায়ী আগামী ২২-০৫-২০২২ তারিখের মধ্যে উক্ত প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা ও সেমিনারের কর্মপরিকল্পনা ও সময়সূচী বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা অনুযায়ী (০১পাতা)।


জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

বিতরণঃ


- ০১। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০২। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০২। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৩। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/জালনোট/২০২১-২০২২/১৩৬২

তারিখঃ ১৩-০৪-২০২২

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।


(ওয়ালি-উল-ইসলাম)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

৫০১১৯



ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



সূত্র নং-ডিসিএম(এফএন): ১০(সভা)/২০২২- ২২৬৭

তারিখ: ০৬/০৪/২০২২

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং.....৫৬২.....তারিখ.....২২/০৪/২২
বিভাগ.....DGM.....
BCD ডিএমডি-১

প্রিয় মহোদয়,

জাল নোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

দেশে জাল নোট বিস্তার রোধকল্পে ও জাল নোট প্রাপ্তিতে করণীয় বিষয়ে সক্ষমতা বৃদ্ধিকল্পে তফসিলী ব্যাংকের শাখা ব্যবস্থাপক ও শাখায় কর্মরত ক্যাশ সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের অপরিসীম গুরুত্ব রয়েছে। এ বিষয়ে 'জাল নোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি'র বিগত ০৮ ডিসেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় জাল নোট প্রচলন প্রতিরোধ ও জাল নোট প্রাপ্তিতে করণীয় বিষয়ে সক্ষমতা বৃদ্ধিকল্পে তফসিলী ব্যাংকসমূহ তাদের সকল শাখায় দায়িত্বরত ক্যাশসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা ও সেমিনারের আয়োজন করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, আসল নোট সনাক্তকরণে সক্ষমতা বৃদ্ধি, জাল নোট প্রচলন প্রতিরোধে সচেতনতা ও জাল নোট প্রাপ্তিতে করণীয় বিষয়ে আপনার ব্যাংকের সকল শাখার শাখা ব্যবস্থাপক ও শাখায় কর্মরত ক্যাশ সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা ও সেমিনারের আয়োজন করার নির্দেশনা প্রদান করা হলো। আয়োজিতব্য প্রশিক্ষণ কর্মসূচী, কর্মশালা ও সেমিনারের কর্ম পরিকল্পনা ও সময়সূচী আগামী ২২/০৫/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রয়োজনে আপনাদের অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক উপযুক্ত প্রতিনিধি প্রেরণসহ যাবতীয় সহায়তা প্রদান করবে।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং.....৪২৭৫.....তারিখ: ২২.০৪.২২
ডিএমডি.....১.....
জিএম.....
ডিজিএম.....
ব্যবস্থাপনা পরিচালক

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রজব আলী)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৯০

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

নং.....১৭৭.....তারিখ: ২২/০৪/২২

ডিএমডি.....

পিও/এসপিও.....

এসও/কর্মকর্তা.....

উপ মহাব্যবস্থাপক